

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৪৪

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সফরে সিয়াম রাখা অপছন্দ করেছেন, তার বিবরণ

ذِكْنُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا كَرِهَ صلى الله عليه وسلم الصَّوْمَ فِي السَّفَرِ

## আরবী

3544 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: وَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: أَسُعْدَ بْنِ زُرَارَةَ الْأَنْصَارِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ الْحَسَنِ: عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: (مَا رَأَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم رَجُلًا قَدِ اجْتَمَعَ النَّاسُ وَقَدْ ظُلُلِّلَ عَلَيْهِ فَقَالَ: (مَا هَذَا؟ ) قَالُوا: رَجُلُ صَائِمٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لَيْسَ الْبِرَّ أَنْ تَصُومُوا فِي السَّفَرِ)

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3544 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2082): ق.

## বাংলা

৩৫৪৪. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দেখতে পেলেন যে, এক ব্যক্তিকে ঘিরে লোকজন একত্রিত হয়েছে। তার উপর ছায়া দেওয়া হয়েছে। তখন তিনি বলেন, "এখানে কী হয়েছে?" সাহাবীগণ বললেন, "এক ব্যক্তি সিয়াম রেখেছেন (যার ফলে দুর্বল হয়ে পড়েছেন)।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সফরে সিয়াম রাখা পুণ্যের কাজ নয়।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৯৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২০১৭; আত তায়ালিসী: ১৭২১; মুসান্নাফ ইবনু আবী



শায়বাহ: ৩/১৪; দারেমী: ২/৯; সহীহুল বুখারী: ১৯৪৬; সহীহ মুসলিম: ১১১৫; আবূ দাউদ: ২৪০৭; নাসাঈ: ৪/১৭৭; বাগাবী: ১৭৬৪; সুনান বাইহাকী: ৪/২৪২; তাহাবী: ২/৬২-৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন